দৈনিক ইত্তেফাক

তারিখ 2 ... 1990 ... পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৮ ...

# গুলীতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র নিহত

(ইত্তেফাক রিপোর্ট)

ঘাতক বুলেট ঢাকা বিশ্ববিদ্যালয়ের আরেকজন ছাত্রের প্রাণ কাড়িয়া নিয়াছে। গতকাল রাত্রে বিশ্ববিদ্যালয়ের সূর্যসেন হলে গুলীবিদ্ধ হইয়া গ্রন্থাগার বিজ্ঞানের শেষ পর্বের ছাত্র আলমগীর কবির লিটন নিহত হইয়াছে।



সূর্যসেন হলের ৩০১ (ক) নম্বর কক্ষের আবাসিক ছাত্র লিটন

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## ছাত্র নিহত

(১ম পৃঃ পর)

তাহার বন্ধু আলাউদ্দিনের সঙ্গে নিজের কক্ষে বসিয়া কথা বলিতেছিল। এ সময় আকস্মিকভাবে তাহার মাথায় বুলেট বিদ্ধ হয়। রাতের অন্ধকারে কে বা কাহারা তাহার প্রতি গুলীবর্ষণ করে তাহা জানা যায় নাই। ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে স্থানান্তরের পর রাত্র ১০টা ৪৮ মিনিটে সে শেষ নিঃশ্বাস ত্যাগ করে।

হাসপাতালে নিহত লিটনের সহপাঠীরা জানায়, সে কোন ছাত্র সংগঠনের সঙ্গে জড়িত ছিল না। এম এ শেষ পর্বের পরীক্ষার পাশাপাশি লিটন বিসিএস পরীক্ষায় অংশগ্রহণের প্রস্তুতি নিতেছিল। নিরিবিলি পরিবেশে এই পরীক্ষার প্রস্তুতি গ্রহণের জন্য সম্প্রতি সে মোহাম্মদপুরে একটি বাসাও ভাড়া নিয়াছিল। নিহত লিটনের পিতা মাগুরা সরকারী কলেজের ভাইস প্রিন্সিপ্যাল।

এই ঘটনার পর উর্ধ্বতন পুলিশ কর্মকর্তাদের নেতৃত্বে ৩ প্লাটুন পুলিশ সূর্যসেন হল ঘিরিয়া রাখে।